



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-২৩ ডিসেম্বর ২০১৭ খ্রি.

### চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে এলাকায় জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০১৭ (২য় রাউন্ড) উদ্বোধন করলেন ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জাতীয় পুষ্টি সেবা এর কর্মসূচি হিসেবে ২৩ ডিসেম্বর ২০১৭ খ্রি. শনিবার, সকাল ৮ টা থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীর ১২৮৮টি কেন্দ্র থেকে ৬-১১ মাস বয়সী শিশুকে ১টি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী শিশুকে ১টি লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়। সকালে চসিক পরিচালিত জেনারেল হাসপাতালে অনুষ্ঠিত এক সুধি সমাবেশের পর চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাইয়ে দিন ব্যাপী জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন (২য় রাউন্ড) এর উদ্বোধন করেন। এ উপলক্ষে অনুষ্ঠিত সুধি সমাবেশে সভাপতিত্ব করেন চসিক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও কাউন্সিলর নাজমুল হক ডিউক। অনুষ্ঠানে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আক্তার চৌধুরী, স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী, ডা. আশীষ মুখার্জী, ডা তপন চক্রবর্তী, ডা. আ. পি আশিক, ডা. ইমাম হোসেন রানা ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের প্রধান অতিথি ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু বলেন, অনেক শিশুদের ঘরবাড়ী নেই তাদেরকেও অবশ্যই খুঁজতে হবে এবং ক্যাম্পেইনের দিন ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়াতে হবে। তিনি বলেন, শিশুদের মায়ের দুধ বিশেষ করে শাল দুধ, ডিম, কলিজা, মাছ ও মাংস ইত্যাদি খাওয়াতে হবে। চসিক এর ৪১টি ওয়ার্ডে সকাল ৮ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন অত্যন্ত সফলভাবে বাস্তবায়িত হয়। এ কর্মসূচিতে চসিক এর ডাক্তার, স্বাস্থ্য সহকারী, স্বাস্থ্য কর্মী ছাড়াও ইপিআই টেকনিশিয়ান, সুপারভাইজারগণ অংশ নেন। এতে প্রায় সাড়ে ৩ হাজার স্বেচ্ছাসেবক দায়িত্ব পালন করে।

চট্টগ্রাম-২৩ ডিসেম্বর ২০১৭ খ্রি.

**প্রধানমন্ত্রীর চট্টগ্রাম আগমন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সড়ক  
সংস্কার, পরিষ্কার পরিচ্ছন্নতা ও আলোবাতি সংযোজন কার্যক্রম সরেজমিনে  
পরিদর্শন করলেন ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু**

রাষ্ট্রপতির কুচকাওয়াজ উপলক্ষ্যে ২৪ ডিসেম্বর এবং ২৭ ডিসেম্বর চট্টগ্রাম আসছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। তাঁর চট্টগ্রাম আগমন উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সড়ক সংস্কার, মিডআইল্যান্ড রংকরণ, আবর্জনা অপসারণ এবং সড়কবাতি স্থাপনের কাজ করছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু ২৩ ডিসেম্বর ২০১৭ খ্রি. শনিবার, নগরীর এয়ারপোর্ট রোড, শেখ মুজিব রোড, নেভাল এভিনিউ রোড, সিডিএ এভিনিউ রোড, বায়েজিদ বোস্তামী রোডসহ গুরুত্বপূর্ণ সড়ক সমূহ পরিদর্শন করেন। এ সময় ভারপ্রাপ্ত মেয়রের সাথে কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, শৈবাল দাশ সুমন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মান্নান সিদ্দিকী, পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী ও হাসান রশিদ সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা ছিলেন। ভারপ্রাপ্ত মেয়র সংস্কার ও পরিচ্ছন্নতার কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার নির্দেশনা দেন।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**